

র্যাগিংয়ের ঘটনায় শাবিপ্রবির ২ শিক্ষার্থী বহিষ্কার

শাবিপ্রবি প্রতিনিধি

৩ সেপ্টেম্বর ২০২৩ ০৭:৩৩ পিএম | আপডেট: ৩

সেপ্টেম্বর ২০২৩ ০৮:০৩ পিএম

35
Shares



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

advertisement..

র্যাগিংয়ের ঘটনায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রথমবর্ষের দুই শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ রোববার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

আজ এক অফিস আদেশে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল স্টাডিজ বিভাগের ২০২১-২০২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে দ্বিতীয় সেমিস্টারের দুই শিক্ষার্থী প্রাথমিকভাবে র্যাগিংয়ের ঘটনায় জড়িত প্রমাণিত হওয়ায় তাদের সাময়িক বহিষ্কার করা হয়েছে। তারা হলেন পলিটিক্যাল স্টাডিজ বিভাগের ইসরাত জাহান ও জহিরুল ইসলাম।

advertisement

এদিকে, ঘটনাটি অধিকতর তদন্তের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. লায়লা আশরাফুনকে আহ্বায়ক করে ৩ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। এতে সদস্য হিসেবে রয়েছেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. সৈয়দ ওমর ফারুক ও সহকারী প্রক্টর ড. আহসান হাবিব। কমিটিকে ১৫ কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

35
Shares